



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.০৬.০০১.১৭.২৭১

তারিখ: ২৭ ভাদ্র ১৪২৮

১১ সেপ্টেম্বর ২০২১

বিষয়: **Customized Truck Loader & Unloader** স্থাপনের মাধ্যমে এলএসডি ও সিএসডিসমূহে খামাল গঠনে সার্বিক বৃদ্ধি এবং শ্রমিক নির্ভরতা হ্রাসকরণ বিষয়ক উদ্ভাবনী আইডিয়া বাস্তবায়নের নিমিত্ত প্রশাসনিক অনুমোদন।

সূত্র: সাইলো অধীক্ষকের কার্যালয় আশুগঞ্জ সাইলো, ব্রাহ্মণবাড়ীয়া এর ১৮/০৭/২০২১ খ্রিঃ তারিখের ৮৯৫ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাইলো অধীক্ষকের কার্যালয় আশুগঞ্জ সাইলো, ব্রাহ্মণবাড়ীয়া এর **Customized Truck Loader & Unloader** স্থাপনের মাধ্যমে এলএসডি ও সিএসডিসমূহে খামাল গঠনে সার্বিক বৃদ্ধি এবং শ্রমিক নির্ভরতা হ্রাসকরণ বিষয়ক প্রস্তাবিত উদ্ভাবনী আইডিয়া বাস্তবায়নের নিমিত্ত গৃহীত ও গৃহীতব্য কার্যক্রম নিম্নরূপঃ

- ১) পাইলোটিং এলাকা আশুগঞ্জ খাদ্য গুদাম (৫০০ মে.টন ধারন ক্ষমতা সম্পন্ন) / তেজগাঁও সিএসডির একটি গুদাম (১০০০মে.টন ধারন ক্ষমতা সম্পন্ন) পরিদর্শন এবং ক্ষেত্রফল নির্ণয়করন করা হয়। সাধারণত একটি ৫০০ মে.টনের গমের গুদামের ক্ষেত্রফল (১০০*৪০) বা ৪০০০ বর্গফুট হয়ে থাকে এবং একটি ১০০০মে.টনের গমের গুদামের ক্ষেত্রফল (১০০*৮০) বা ৮০০০ বর্গফুট হয়ে থাকে। আইডিয়াটি বাস্তবায়নে যে কোন একটি খাদ্যগুদামে ৫০ ফুট দৈর্ঘ্যের একটি কনভেয়িং সিস্টেম (৩টি কনভেয়র বেল্ট) স্থাপন করা হবে;
- ২) কনভেয়িং সিস্টেমটির **Specification ও Quotation** কর্মপরিকল্পনার সাথে সংযুক্ত করা হয়েছে। যা দেখা যেতে পারে (**Specification Quotation**);
- ৩) কনভেয়িং সিস্টেমটি সফলভাবে স্থাপন করা সম্ভব হলে বস্তাবন্দী গম পরিবহনে
(ক) শ্রমিক নির্ভরতা হ্রাস, (খ) ম্যানুয়াল হতে অটোমেটিক প্রসেসে কাজ সম্পাদন; (গ) ট্রাক লোডিং ও আনলোডিং দ্রুততম সময়ে সম্পন্ন হবে; (ঘ) পরিবাহিত বস্তার সংখ্যা নির্ণয় করা সম্ভব হবে।
- ৪) উদ্যোগটি বাস্তবায়নের জন্যে কনভেয়র বেল্ট, বেল্ট ষ্টাকচার ও ড্রাম, নির্দিষ্ট অক্ষক্ষমতার মোটর ও গিয়ারবক্স, বস্তার সংখ্যা/নাম্বার কাউন্টার, একটি ইলেকট্রিক প্যানেল বোর্ড এবং এর সাথে সম্পর্কিত যাবতীয় বৈদ্যুতিক সংযোগ স্থাপন করা হবে।
- ৫) নির্ধারিত স্থানে অনুমোদিত পরিমাপ এবং ড্রইং অনুযায়ী বেল্ট কনভেয়র সিস্টেম এর পরিপূর্ণ অবকাঠামো তৈরি করা হবে। ইলেকট্রিক এবং কাউন্টিং সিস্টেমের এক্সেসরিজ স্থাপন করা হবে। যাবতীয় বৈদ্যুতিক সংযোগ স্থাপন করা হবে। ট্রায়াল রান এর মধ্যমে পরীক্ষা করা হবে এবং সম্পূর্ণ ইকুপমেন্ট পরিচালন পদ্ধতি অনুমোদিত ব্যক্তিদের শেখানো হবে এবং সম্পূর্ণ হস্তান্তর করে গৃহীত দায়িত্ব সম্পন্ন করা হবে।
- ৬) উল্লেখ্য যে, পাশাপাশি দুই খামালের মধ্যকার দূরত্ব কমপক্ষে ৫(পাঁচ) ফুট এবং সামনাসামনি দুইটি খামালের মধ্যবর্তী দূরত্ব কমপক্ষে ৬(ছয়) ফুট রাখতে হবে। অন্যথায়, কনভেয়িং সিস্টেমের মাধ্যমে কার্যক্রম সহজভাবে পরিচালনা করা সম্ভব হবে না।

৭) কর্মপরিকল্পনাটি বাস্তবায়ন করতে টেক্স ও ভ্যাটসহ ১৭,৩০,১০০/- (সতেরো লক্ষ ত্রিশ হাজার একশত) টাকা প্রয়োজন হবে।

এক্ষেণে, Customized truck Loader & Unloader আইডিয়াটি বাস্তবায়নের জন্য প্রশাসনিক অনুমোদন প্রদান করা হলো।

তবে কর্মপরিকল্পনা অনুযায়ী আইডিয়াটি বাস্তবায়নে প্রয়োজনীয় যন্ত্রাংপাতি স্থাপনে ১৭,৩০,১০০/- (সতেরো লক্ষ ত্রিশ হাজার একশত) টাকা প্রয়োজন হবে। এমতাবস্থায়, Customized Truck Loader & Unloader আইডিয়াটি বাস্তবায়নের জন্য ২০২১-২০২২ অর্থ বছরে খাদ্য অধিদপ্তরের ‘অন্যান্য যন্ত্রপাতি’ খাতে বরাদ্দকৃত ৬২.০০ কোটি টাকা হতে Loader & Unloader কনভেয়িং সিস্টেমটি স্থাপনের প্রয়োজনীয় ১৭,৩০,১০০/- (সতেরো লক্ষ ত্রিশ হাজার একশত) টাকার অর্থ বরাদ্দের মঞ্জুরি আদেশ জারি করার জন্য পরিচালক, পটকা বিভাগকে অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক (গ্রেড-১) এর অনুমোদন রয়েছে।

সংযুক্তিঃ সাইলো অধীক্ষক, আশুগঞ্জ সাইলো এর প্রস্তাব।



১৩-৯-২০২১

মঞ্জুর আলম

সিস্টেম এনালিস্ট

ফোন: +৮৮-০২-৪৭১১০৬৯৮

ইমেইল: sys@dgfood.gov.bd

বিতরণ :

- ১) পরিচালক, পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ২) সাইলো অধীক্ষক, আশুগঞ্জ সাইলো

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.০৬.০০১.১৭.২৭১/১(৪)

তারিখ: ২৭ ভাদ্র ১৪২৮
১১ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) অতিরিক্ত সচিব, বাজেট ও অডিট অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়
- ৪) অফিস কপি/ মাস্টার কপি



১৩-৯-২০২১

মঞ্জুর আলম

সিস্টেম এনালিস্ট